# দীপের আশা

শ্রাবন্তী মুখার্জী

আমার দীপশিখা উঠেছে জ্বলে,
নিভে গেছে সব মশাল,
দীপের স্নিগ্ধ তাপে
পুড়েছে জঞ্জাল
নিত্যদিনের।

সেই কবে সে দীপ নিবিয়ে দিয়েছিল কে!
অসহায় কান্নায় পুড়েছিল সলতেটা ধুঁকে ধুঁকে।

তবুও তো আশা ছাড়েনি
আশা ছাড়ে নি প্রদীপের মন।
জানত সে মনে মনে
আসবেই সেই শুভক্ষণ।
জ্বলবে আবার দীপ্তশিখা।
পুড়বে তাতে মশালরেখা,
সেই আগুনে জন্মনেবে
তারই সে আপনজন।

সৃষ্টিসন্ধান